

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০০৯৬

আগরতলা, ১৮ মার্চ, ২০২৩

অনিয়মের অভিযোগে মেসার্স ভার্ভেঞ্জ ফার্মাসিউটিক্যালের লাইসেন্স বাতিল

অনিয়মের অভিযোগে মেসার্স ভার্ভেঞ্জ ফার্মাসিউটিক্যাল, রোনাল্ডসে রোড, বটতলা, এই ঔষুধের দোকানের লাইসেন্স বাতিল করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। ১৯৮০ সালে এই লাইসেন্সটি ইস্যু করা হয়েছিল। দোকানে ক্রয় ও বিক্রয়ের নথিপত্র খতিয়ে দেখার সময় ২০২২ সালের ১ আগস্ট থেকে ২০২২ সালের ১০ নভেম্বর সময়কালে ১,২৪,৫০০টি ট্যাপেনডোল ট্যাবলেট বিক্রির বিষয়টি প্রকাশ পায়। এই ট্যাপেনডোল ট্যাবলেট ব্যথার ঔষুধ, যা নেশার কাজে অপব্যবহার হয়ে থাকে। কোনও রকম ক্রয়ের রেকর্ড ছাড়া সেগুলি বিক্রি করা ও অন্যান্য অনিয়মের বিষয় ধরা পড়ায় মেসার্স ভার্ভেঞ্জ ফার্মাসিউটিক্যালের কর্ণধার নারায়ণ দত্তগুপ্তকে শোকজ করা হয়। উত্তর সন্তোষজনক না হওয়ায় ডেপুটি ড্রাগ কন্ট্রোলার এক আদেশে লাইসেন্স বাতিলের নির্দেশ জারি করেছেন।
